

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৪০৮

পরিচ্ছেদঃ ২৪. শোয়ার সময় তাসবীহ, তাকবীর ও তাহমীদ পাঠ করা প্রসঙ্গে

باب مَا جَاءَ فِي التَّسْبِيحِ وَالتَّكْبِيرِ وَالتَّحْمِيدِ عِنْدَ الْمَنَامِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْخَطَّابِ، زِيَادُ بْنُ يَحْيَى الْبَصْرِيُّ حَدَّثَنَا أَزْهَرُ السَّمَّانُ، عَنِ ابْنِ عَوْنٍ، عَنِ الْبُنِ سِيرِينَ، عَنْ عَبِيدَةَ، عَنْ عَلِيّ، رضى الله عنه قَالَ شَكَتْ إِلَىَّ فَاطِمَةُ مَجَلَ يَدَيْهَا مِنَ الطَّحِينِ فَقُلْتُ لَوْ أَتَيْتِ أَبَاكِ فَسَأَلْتِيهِ خَادِمًا فَقَالَ " أَلاَ أَدُلُّكُمَا عَلَى مَا هُوَ خَيْرُ لَكُمَا الطَّحِينِ فَقُلْتُ لَوْ أَتَيْتِ أَبَاكِ فَسَأَلْتِيهِ خَادِمًا فَقَالَ " أَلاَ أَدُلُّكُمَا عَلَى مَا هُوَ خَيْرُ لَكُمَا مِنَ الْخَادِمِ إِذَا أَخَذْتُمَا مَضْجَعَكُمَا تَقُولاَنِ ثَلاَتًا وَثَلاَثِينَ وَتَلاَثِينَ وَثَلاَثِينَ وَثَلاَثِينَ وَثَلاَثِينَ وَثَلاَثِينَ وَتَلاَثِينَ وَتَلاَثِينَ وَتَلاَثِينَ وَتَلاَثِينَ وَتَعْبِيرٍ " . وَفِي الْحَديثِ قِصَّةٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنُ عَرِيبٌ مِنْ حَدِيثِ ابْنِ عَوْنٍ وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَلِيّ .

বাংলা

৩৪০৮। 'আলী (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমার কাছে ফাতিমাহ (রাযিঃ) অভিযোগ করে যে, গম পেষার চাকতি ঘুরানোর ফলে তার প্রত্যেক হাতে ফোস্কা পড়ে গেছে। আমি বললাম, তুমি তোমার বাবার (রাসূলুল্লাহর) কাছে গিয়ে যদি তার নিকট একটি খাদিম প্রদানের আবেদন করতে। (ফাতিমাহ আবেদন জানানোর পর) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি তোমাদের দু'জনকে এমন জিনিস কি বলে দিব না যা তোমাদের জন্য দাসের চেয়ে ভাল? তোমরা শয়নকালে ৩৩ বার "আলহামদুলিল্লাহ", ৩৩ বার সুবহানাল্লাহ" এবং ৩৪ বার "আল্লাহু আকবার" বলবে।

সহীহঃ বুখারী ও মুসলিম।

হাদীসে আরও ঘটনা আছে। আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান এবং ইবনু আওনের বর্ণনার পরিপ্রেক্ষিতে গারীব। এ হাদীসটি আলী (রাযিঃ) হতে একাধিক সূত্রে বর্ণিত হয়েছে।

English

Ali [may Allah be pleased with him] said:



"Fatimah complained to me about her hands blistering from grinding flour. So I said: 'If you were to approach your father and ask him for a servant?' So he (the Prophet) said: 'Should I not direct the two of you, to that which is better for you than a servant? When the two of you lay down to sleep, say thirty-three, thirty-three, thirty-four, of At-Taḥmīd, At-Tasbīḥ, and At-Takbīr."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন